

Model Activity Task 2022 January

Class 8 | Geography | Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২ | জানুয়ারী

অষ্টম শ্রেণী | ভূগোল | পার্ট -১ |


পূর্ণমান- ২০

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখ

১.১ শিলামণ্ডলের নীচে গুরুমণ্ডলের ওপরের স্তর হল—

(ক) ভূত্বক (খ) অ্যাস্থেনোস্ফিয়ার (গ) অন্তঃ গুরুমণ্ডল (ঘ) বহিঃ কেন্দ্রমণ্ডল

১.২ নীচের ছবিতে তির চিহ্ন দ্বারা নির্দেশিত বিযুক্তিরেখার নাম হলো—



(ক) রেপিক্তি (খ) কনরাড (গ) গুটেনবার্গ (ঘ) লেহম্যান

২.১ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর :

২.১.১ 'S' তরঙ্গ তরল বা অর্ধতরল মাধ্যমের মধ্য দিয়ে প্রবাহিত হতে পারে না।

২.১.২ পৃথিবীর কেন্দ্রের কাছে থাকা পদার্থগুলোর ঘনত্ব বেশী।

২.১.৩ ভূত্বক ও গুরুমণ্ডলের উপরিঅংশ নিয়ে গঠিত হয়েছে শিলামণ্ডল।

২.২ বাক্যটি সত্য হলে 'ঠিক' এবং অসত্য হলে 'ভুল' লেখ :

২.২.১ P তরঙ্গ ভূঅভ্যন্তরের তরল মাধ্যমের মধ্য দিয়ে প্রবাহিত হয়।

উত্তর: ভুল

২.২.২ কেন্দ্রমণ্ডলের প্রধান উপাদান অ্যালুমিনিয়াম ও সিলিকন।

উত্তর: ভুল

২.২.৩ সিমা অপেক্ষাকৃত ভারি হওয়ায় সিয়ালের নীচে অবস্থান করে।

উত্তর: ঠিক

৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ ম্যাগমা ও লাভার মধ্যে পার্থক্য নিরূপণ কর।

ম্যাগমা	লাভা
১) ভূগর্ভের উত্তপ্ত ও গলিত তরল খনিজের মিশ্রণ কে ম্যাগমা বলে	১) লাভা বলতে বোঝায় ভূপৃষ্ঠের উপরিস্থিত উত্তপ্ত তরল গ্যাস ও বাষ্প হীন শিলার মিশ্রণ
২) ভূ-গর্ভে ম্যাগমার উপস্থিতি দেখা যায়	২) লাভা আগ্নেয় পর্বত থেকে নির্গত হয়ে ভূপৃষ্ঠে জমা হয়
৩) ম্যাগমা তরল অবস্থায় থাকে।	৩) লাভা কঠিন অবস্থায় থাকে।

৩.২ ক্রোফেসিমা ও নিফেসিমার মধ্যে পার্থক্য নিরূপণ কর।

বিষয়/ভিত্তি	ক্রোফেসিমা	নিফেসিমা
১. অবস্থান	গুরুমণ্ডলের উপরের অংশ বা বহিঃগুরুমণ্ডল	গুরুমণ্ডলের নীচের অংশ বা অন্তঃগুরুমণ্ডল
২. বিস্তার	30-700 কিমি.	700-2900 কিমি.
৩. উপাদান	ক্রোমিয়াম (Cr.), লোহা (Fe), সিলিকন (Si), ও ম্যাগনেশিয়াম (Ma)	নিকেল (Ni), লোহা (Fe), সিলিকন (Si), ও ম্যাগনেশিয়াম (Ma)

৪. নীচের প্রশ্নটির উত্তর দাও :

ভূঅভ্যন্তরের পরিচলন স্রোতের ভূমিকা উল্লেখ কর।

উত্তর: গুরুমণ্ডলের উপরের স্তর আস্থেনোস্ফিয়ারে প্রচণ্ড তাপ ও চাপের ফলে শিলা সান্দ্র অবস্থায় থাকে। ভূগর্ভের তাপে পদার্থগুলি উত্তপ্ত হয়ে ওপরে ভেসে ওঠে আর অপরের অপেক্ষাকৃত শীতল পদার্থ নীচে নেমে যায়। ফলে এই স্তরে সৃষ্টি হয় পরিচলন স্রোত। এই স্রোতের ফলেই মহাদেশীয় ও মহাসাগরীয় পাত গুলি সঞ্চরণ হয়। এর ফলেই নতুন ভূমি সৃষ্টি, অগ্ন্যুৎপাত, ভূমিকম্প, নবীন ভঙ্গিল পর্বতের সৃষ্টি হয়।

৫. নীচের প্রশ্নটির উত্তর দাও :

পৃথিবীর অভ্যন্তরভাগের পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ কর।

উত্তর:

- পৃথিবীর অভ্যন্তর একাধিক পৃথক স্তরে বিভক্ত।
- অপেক্ষাকৃত ভারী পদার্থ নীচের দিকে অর্থাৎ পৃথিবীর কেন্দ্রের দিকে থিতিয়ে পড়ে।
- হালকা পদার্থ বা উপাদান ভূপৃষ্ঠের উপরের দিকে উঠে আসে।
- ভূত্বক বা শিলামন্ডল সম্পর্কে যতটা জানা যায় পৃথিবীর কেন্দ্রমন্ডল ও গুরুমন্ডল সম্পর্কে ততটা তথ্য জানা যায় না।
- গুরুমন্ডলের উপরের স্তর আক্সেনোফিয়ারে প্রচণ্ড তাপ ও চাপের ফলে শিলা সান্দ্র অবস্থায় থাকে।